40

দৈনিক বাংলা

তারিখ 21 OCT 1996
পৃষ্ঠা কলাম

# রাজশাহী বোর্ডে এবার মেয়েরা ভাল করেছে

**রাজশাহী ব্যুরো ঃ** রাজশাহী বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষায় সার্বিক-ভাবে মেয়েরা ছেলেদের চেয়ে ভাল করেছে। তবে মেধার দিক থেকে ছেলেরা মেয়েদের তুলনায় এগিয়ে আছে।

পরীক্ষার ফলাফলের পরিসংখ্যানে দেখা গেছে, মেয়েদের পাসের হার হল শতকরা ২৪ দশমিক ২৩ ভাগ। আর ছেলেদের পাসের হার শতকরা ২৩ দশমিক শূন্য ৮ ভাগ। রাজশাহী বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষায় ছেলে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭৯ হাজার ৬শ' ৬২ জন। এদের মধ্যে পাস করেছে ১৮ হাজার ৩শ' ৮৫ জন। মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪১ হাজার ৪৭ জন। এর মধ্যে পাস করেছে ৯ হাজার ৯শ' ৪৪ জন।

ছেলেদের মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩ হাজার ৪শ' ২৩ জন এবং মেয়েদের মধ্যে প্রথম বিভাগ পেয়ে উত্তীর্ণ হয়েছে এক হাজার ৫শ' ৩৭ জন। এতে দেখা যায়, মেধার দিক থেকে ছেলেরা বেশ এগিয়ে আছে। মেয়েরা গড়ে বেশী সংখ্যক পাস করলেও তারা সম্মিলিত মেধা তালিকায় বেশ পিছিয়ে রয়েছে। বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতির সম্মিলিত মেধা তালিকায় ১ম থেকে ২০তম স্থান অধিকার করেছে মোট ২৮ জন। এদের মধ্যে মেয়েদের সংখ্যা মাত্র ৯ জন।

মানবিক, ইসলামিক স্টাডিজ এবং সঙ্গীতের সম্মিলিত মেধা তালিকায় ২০তম স্থান পর্যন্ত করেছে মোট ২৮ জন। এদের মধ্যে মাত্র ৯ জন মেয়ে রয়েছে।

বাণিজ্যের মেধা তালিকায় ১ম থেকে ২০তম স্থান অধিকার করেছে মোট ২৯ জন। এর মধ্যে মেয়ের সংখ্যা মাত্র ৮ জন। এখানে উল্লেখ্য, ছেলে পরীক্ষার্থীর তুলনায় মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় অর্ধেক। ছেলে-মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা সমান হলে হয়তোবা মেধা তালিকায়ও তারা ভাল করতে পারতো বলে স্থানীয় শিক্ষকবৃন্দ মনে করছেন।

## রাজশাহী কলেজ ভাল করেছে

রাজশাহী বোর্ডের এবারের এইচ-এসসি পরীক্ষায় ঐতিহ্যবাহী রাজশাহী সরকারী কলেজের ছাত্ররা মেধা তালিকায় তুলনামূলকভাবে ভাল স্থান অধিকার করেছে।

বিজ্ঞান, কৃষিবিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতির সম্মিলিত মেধা তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানসহ রাজশাহী কলেজ ৭টি স্থানই দখল করেছে। মানবিক, ইসলামিক স্টাডিজ ও সঙ্গীতের মেধা তালিকায়ও রাজশাহী সরকারী কলেজ ৬টি স্থান অধিকার করেছে।

অন্যদিকে, বাণিজ্য বিভাগের সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী সরকারী কলেজ দখল করেছে ৩টি স্থান। আর ঐ তিনটি বিভাগে মেয়েদের মধ্যে প্রথম দশটি স্থানের হিসাবে মোট ৩০টি স্থানের মধ্যে রাজশাহী সরকারী কলেজ অধিকার করেছে মোট ১২টি স্থান।

উল্লেখ্য, রাজশাহী সরকারী কলেজের জন্য এবারের পরীক্ষার ফলাফল গৌরবের হলেও এই ঐতিহ্যবাহী কলেজটিতে এ বছর থেকেই ছাত্রদের অতিরিক্ত চাপের কারণে এইচএসসি পর্যায়ে ছাত্র ভর্তি বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়েছে।